

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
website : www.hajj.gov.bd

নং-১৬.০০.০০০০.০০৩-১২৬৩

তারিখ : ২৯ শ্রাবণ ১৪২৩ বঙ্গাব্দ
১৩.০৮.২০১৬ খ্রি.


বিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৬ সালের হজ কার্যক্রমে সরকারি কোটা হতে বেসরকারি কোটায় স্থানান্তরিত ৪৮০০ হজযাত্রীর বিষয়ে কাউন্সেলর (হজ), মক্কা এর ১২/০৮/২০১৬ খ্রি. তারিখের ১৬.০৪.০০০০.০০০.১৮.০০৬.২০১৫-৩০৪ নং পত্রানুযায়ী (সংযুক্ত) মহামান্য হাইকোর্টের ৯২৪৩/২০১৬ নম্বর রীট পিটিশনের আদেশ পালনার্থে অবশিষ্ট (৪৮০০-৪০৫৬)=৭৪৪ জনের নিবন্ধন কার্য আগামী ১৬/০৮/২০১৬ তারিখ বিকাল ৫.০০ টার মধ্যে সম্পন্ন করার নিমিত্ত অদ্য ১৩ /০৮/২০১৬ খ্রি: তারিখে ঘোষিত তালিকা থেকে প্রাক নিবন্ধিত ব্যক্তিগণ নিবন্ধনের সুযোগ পাবেন।

এ বিষয়ে অদ্য ১৩.০৮.২০১৬ খ্রি. তারিখের মধ্যে স্ব স্ব এজেন্সী তাদের আগ্রহী হজযাত্রীদের সংখ্যা ও তালিকা (ঘোষিত তালিকামতে) পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা-এর নিকট দাখিল করবেন এবং অনুলিপি ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি: এর নিকট দাখিল করবেন।

মহামান্য হাইকোর্টের আদেশের মর্মানুযায়ী প্রাক-নিবন্ধনের ক্রম অনুসরণে অবশিষ্ট ৭৪৪ জনের কোটা পূর্ণ হলে বিজনেস অটোমেশন এর নিকট হতে প্রাক-নিবন্ধনের ক্রমের প্রত্যয়ন এবং সুপারিশ মোতাবেক নিবন্ধনের টাকা জমা দানের জন্য পরিচালক হজ অফিস, আশকোনা, ঢাকা অনুমতি প্রদান করবেন এবং সে মতে ১৬/০৮/২০১৬ খ্রি: তারিখের মধ্যে হাজীগণ নিবন্ধন সম্পন্ন করবেন।

নির্দেশক্রমে


১৩.০৮.২০১৬
(মো: শহিদুল্লাহ তালুকদার)
সহকারী সচিব (হজ-২)
ফোন-৯৫৮৫২০০

অতীব জরুরী

হজ্জ সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ হজ্জ অফিস
মক্কা আল-মোকররমা, সৌদি আরব।

স্মারক নং ১৬.০৪.০০০০.০০০.১৮.০০৬.২০১৫-৩০৪

তারিখ : ১২/৮/২০১৬

বিষয় : সরকারী কোটা থেকে বেসরকারী কোটায় স্থানান্তরিত ৪৮০০ হজ্জযাত্রী থেকে বাদ পড়া ৭৪৪ জন হজ্জযাত্রী প্রেরণের ক্ষেত্রে মোয়াচ্ছাছা কর্তৃক বিশেষ বিবেচনায় ১৬/৮/২০১৬ তারিখ পর্যন্ত সময় বৃদ্ধি এবং আরোপিত শর্তাবলী প্রসঙ্গে।


সূত্র : (১) বাংলাদেশ হজ্জ অফিস মক্কা এর পত্র নং ১৬.০৪.০০০০.০০০.১৮.০০৬.২০১৫-২৯৮; তারিখ : ৯/৮/২০১৬
(২) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের পত্র স্মারক নং ১৬.০০.০০০০.০০৩.১৮.০১১.১৬-১২৬৩; তারিখ : ১১/৮/২০১৬

সম্প্রতি সরকারী কোটা থেকে বেসরকারী ব্যবস্থাপনায় স্থানান্তরিত ৪৮০০ হজ্জযাত্রী থেকে বাদ পড়া (৪৮০০-৪০৫৬ =) ৭৪৪ জন হজ্জযাত্রী প্রেরণের বিষয়ে অত্র মিশনের বিশেষ অনুরোধের প্রেক্ষিতে মোয়াচ্ছাছা ১৬/৮/২০১৬ পর্যন্ত সময় বৃদ্ধি করতে সম্মত হয়েছে। এক্ষেত্রে তাঁদের আরোপিত শর্তাবলী বিশেষভাবে উল্লেখযোগ্য। যেমন :

- (১) বর্ণিত ৪৮০০ হজ্জযাত্রীর মধ্যে ৪০৫৬ জনকে সম্প্রতি যে ১৪৩ টি বেসরকারী এজেন্সীর মধ্যে বরাদ্দ করা হয়েছে তাদের কার্যক্রিয়া ইতোমধ্যে চূড়ান্ত হয়ে যাওয়ায় বর্ণিত ৭৪৪ জন হজ্জযাত্রী থেকে তারা আর কোন সংখ্যা বৃদ্ধির সুযোগ পাবেন না।
- (২) যেসকল সৌদি মোয়াচ্ছাছার নির্ধারিত হাজী কোটা ইতোমধ্যে পূরণ হয়ে গেছে তাদের স্থলে মোয়াচ্ছাছা কর্তৃক মনোনীত মোয়াচ্ছাছাই গ্রহণ করতে হবে।
- (৩) এজেন্সীভিত্তিক হজ্জযাত্রীর তালিকা আবশ্যিকভাবে ১৬/৮/২০১৬ তারিখ বিকাল ৫:০০ টার মধ্যে (সৌদি সময়) মোয়াচ্ছাছাতে দাখিল করতে হবে।


বর্ণিতাবস্থায়, মহামান্য হাইকোর্টের নির্দেশের আলোকে প্রাক-নিবন্ধনের ক্রমিক অনুসরণপূর্বক নির্ধারিত সময়ের পূর্বে আগ্রহী হজ্জযাত্রীগণের এজেন্সীভিত্তিক তালিকা অত্র মিশনে পৌছানোর সদয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
দৃষ্টি আকর্ষণঃ যুগ্ম সচিব (হজ্জ)।


(মুহাম্মাদ মাকসুদুর রহমান)
কাউন্সেলর (হজ্জ)

অনুলিপি - সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে :

- ১। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব।
- ২। কনসাল জেনারেল, বাংলাদেশ কনস্যুলেট জেনারেল, জেদ্দা, সৌদি আরব।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। পরিচালক, হজ্জ অফিস, আশকোনা, ঢাকা।


১৩.৮.২০১৬
মুহাম্মাদ মাকসুদুর রহমান
সচিব (হজ্জ-২)